



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০



নম্বর ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.২৯০

তারিখ ১১ চৈত্র ১৪২৬

২৫ মার্চ ২০২০

বিজ্ঞপ্তি

বিষয়: খাদ্য অধিদপ্তরের অধীন চুক্তিবদ্ধ সকল ধরনের পরিবহণ ঠিকাদারদের পরিবহণ কার্যক্রম আবশ্যিকভাবে অব্যাহত রাখা।

খাদ্য অধিদপ্তরের অধীন চুক্তিবদ্ধ সকল শ্রেণির ঠিকাদারগণের (রেল, সিআরটিসি, মেজর ক্যারিয়ার-চট্টগ্রাম, খুলনা, ডিবিবিসি (খুলনা-বরিশাল/ঢাকা), বিভাগীয় সড়ক পরিবহণ ঠিকাদার, অভ্যন্তরীণ সড়ক পরিবহণ ঠিকাদার, অভ্যন্তরীণ নৌ-পরিবহণ ঠিকাদার)-গণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে সরকার কর্তৃক কিছু বিধি-নিষেধ আরোপ করা হলেও নিত্য প্রয়োজনীয় খাদ্যশস্য পরিবহণ ব্যবস্থা সচল রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। ফলে এ পরিস্থিতিতে পরিবহণ ঠিকাদারগণের সাথে স্বাক্ষরিত চুক্তিপত্র অনুযায়ী খাদ্য অধিদপ্তরের আওতাধীন সকল শ্রেণির পরিবহণ ঠিকাদারের অনুকূলে জারিকৃত/জারিতব্য চলাচলসূচির আওতায় খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম অব্যাহত রাখার আবশ্যিক। উল্লেখ্য যে, সরকারি জরুরি প্রয়োজনে ইতিমধ্যে দেশের বিভিন্ন এলএসডি/সিএসডি/সাইলো/নৌবন্দর হতে/অনুকূলে চলাচলসূচি জারি করা হয়েছে এবং আরও চলাচলসূচি জারির অপেক্ষায় রয়েছে। এপ্রেক্ষাপটে আন্তঃজেলা/আন্তঃবিভাগ জরুরি খাদ্যশস্য পরিবহণের জন্য চুক্তিবদ্ধ সকল শ্রেণির ঠিকাদারগণের অনুকূলে জারিকৃত/জারিতব্য চলাচলসূচির আওতায় খাদ্যশস্য পরিবহণ কার্যক্রম আবশ্যিকভাবে অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হলো। এছাড়া পরিবহণকাজে জড়িত সংশ্লিষ্ট গাড়িচালক, শ্রমিক ও কর্মচারীগণকে করোনা ভাইরাস হতে সুরক্ষার জন্য প্রয়োজনীয় মাস্ক ও স্যানিটাইজার ব্যবহার করতে হবে।

উল্লেখ্য যে, খাদ্যশস্য পরিবহণ সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের মাধ্যমে স্থানীয় প্রশাসন/আইন শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা গ্রহণ করা যেতে পারে। এছাড়া চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের কর্মকর্তাদের মোবাইল নম্বরে- ০১৯১৫-৬৩০০২৩, ০১৭১১-১৯১৮১৫ ও ০১৭১১-৩১৮৮৩৫ নম্বরে যোগাযোগ করা যাবে।

উল্লেখ্য যে, দুর্যোগকালীন পরিস্থিতিতে খাদ্যশস্য পরিবহণকারী ঠিকাদারদের পারফরমেন্স বিধিমোতাবেক মূল্যায়ন করা হবে।

২৫-৩-২০২০

সারোয়ার মাহমুদ

মহাপরিচালক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) জেলা পুলিশ সুপার (সকল), ., .
- ৪) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়াদ মিল, পোস্তগোলা, ঢাকা, .

- ৫) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
- ৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইট প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৭) ব্যবস্থাপক (সকল).....,,
- ৮) ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল).....,,
- ৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল).....,,
- ১০) সভাপতি/সাধারণ সম্পাদক, খুলনা মেজর ক্যারিয়ার সমিতি ও খুলনা আঞ্চলিক নৌ পরিবহণ ঠিকাদার সমিতি (খাদ্য), ৬৯ লোয়ার যশোর রোড, খুলনা, .,
- ১১) সভাপতি/সাধারণ সম্পাদক,, বাংলাদেশ কেন্দ্রীয় খাদ্য পরিবহণ ঠিকাদার , .
- ১২) ঠিকাদার ,
- ১৩) পরিচালক, খাদ্য অধিদপ্তর
- ১৪) জেলা প্রশাসক, চট্টগ্রাম/জামালপুর/মানিকগঞ্জ/কুমিল্লা/রংপুর/সিলেট/ঝিনাইদহ/যশোর/চাঁদপুর/রাজবাড়ী/বগুড়া/সিরাজগঞ্জ/সুনামগঞ্জ/দিনাজপুর/মুন্সিগঞ্জ/নারায়ণগঞ্জ/খুলনা/সাতক্ষীরা/ঢাকা/লালমনিরহাট/ব্রাহ্মণবাড়িয়া/ভোলা/ঝালকাঠি/নাটোর/রাঙ্গামাটি/কক্সবাজার।/বাগেরহাট/মাগ
- ১৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট
- ১৬) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/সান্তাহার সাইলো/আশুগঞ্জ সাইলো/খুলনা সাইলো
- ১৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) (ঠিকাদার/প্রতিনিধিদের যোগদান এবং পরিবহণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট পরিবহণ ঠিকাদারদের সম্ভাব্য সমস্যা সমাধান করার জন্য অনুরোধ করা হলো।)
- ১৮) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা/চট্টগ্রাম